দৈনিক ইত্তেফাক

তারিখ 10 NOV 1984
পৃষ্ঠা ৬ কলাম ৩

## ইংলিশ মিডিয়াম কলেজ প্রতিষ্ঠা

গত ৭ই নবেম্বর সেন্ট সাইমনস ইন্টারন্যাশনাল কলেজের প্রতিষ্ঠা উপলক্ষে বি, সি, আই, সি, হলে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী এই ধরনের প্রতিষ্ঠানের গুরুত্ব উল্লেখ করিয়া সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। আরও বক্তব্য রাখেন

( ৪র্থ পৃ: দ্র:)

## ইংলিশ মিডিয়াম কলেজ

(৩য় পৃ: পর)

মনিরুল ইসলাম এম পি ও অধ্যক্ষা রওশন আরা বৈশাখী। উল্লেখ্য, স্বাধীনতার পর দেশে এই প্রথম ধানমণ্ডীর ২৬নং রোডের ৩০৪নং বাড়ীতে ইংলিশ মিডিয়াম কলেজ প্রতিষ্ঠিত হইল। ও-লেভেল পাস করা ছাত্র-ছাত্রী এবং প্রবাসী শিক্ষার্থীদের পথ ইহাতে সুগম হইবে। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান ও ফ্যাশন শো। নৃত্যে অংশ নেয় বীথি, সেজুতি, শম্পা ও মিতু।—বিজ্ঞপ্তি।